



# জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন, নিউ ইয়র্ক

Permanent Mission of Bangladesh to the  
United Nations, New York



## প্রেস রিলিজ

### জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে জাতীয় শোক দিবস পালন

জাতির পিতার আদর্শ অনুসরণ করেই বিশ্বশান্তি প্রতিষ্ঠায় নেতৃত্বশীল ভূমিকা রাখছে বাংলাদেশ -রাষ্ট্রদ্বৃত রাবাব ফাতিমা

নিউইয়র্ক, ১৫ আগস্ট ২০২১:

আজ জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে যথাযোগ্য মর্যাদায় ও অত্যন্ত ভাবগন্ত্বের পরিবেশে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঢালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহদার্দ বার্ষিকী এবং জাতীয় শোক দিবস পালন করা হয়। মিশনের বঙ্গবন্ধু মিলনায়তনে স্থানীয় সময় সকাল ১১ টায় আয়োজন করা হয় জাতীয় শোক দিবসের এ অনুষ্ঠান। কোভিড-১৯ এর প্রেক্ষাপটে মিশন আয়োজিত এই অনুষ্ঠানটি সরাসরি ও ভার্চুয়াল অংশগ্রহণের মাধ্যমে মিশ্র উপায়ে অনুষ্ঠিত হয়। এতে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠন, বঙ্গবন্ধু পরিষদ, বঙ্গবন্ধু ফাউন্ডেশন, শেখ হাসিনা মফের নেতৃত্বে এবং যুক্তরাষ্ট্র বসবাসরত বীর মুক্তিযোদ্ধাগণসহ বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশিগণ ভার্চুয়ালভাবে অংশগ্রহণ করেন। মিশনের বঙ্গবন্ধু মিলনায়তনে আয়োজিত জাতির পিতার ৪৬তম শাহদার্দ বার্ষিকী এবং জাতীয় শোক দিবস পালনের এই কর্মসূচি জাতীয় পতাকা অর্ধনর্মিত রাখা ও জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে শুরু করা হয়। এর পর জাতির পিতা, বঙ্গমাতা এবং তাঁদের শহীদ পরিবারবর্গসহ ১৫ আগস্টের সকল শহীদদের বিদেহী আত্মার প্রতি শুদ্ধ জানিয়ে দাঁড়িয়ে একমিনিট নিরবতা পালন করা হয়। অতঃপর ১৫ আগস্টের শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে মোনাজাত করা হয়।

বঙ্গবন্ধু মিলনায়তনে রাষ্ট্রিক জাতির পিতার প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পনের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদ্বৃত রাবাব ফাতিমার নেতৃত্বে মিশনের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারিগণ। এরপর দিবসটি উপলক্ষে দেওয়া মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণী পাঠ করে শোনানো হয়।

বাংলাদেশের মহান স্বাধীনতার সুর্বজয়ত্বী ও বিশ্বব্যাপী জাতির পিতার জন্মশতবার্ষিকী উদযাপনের প্রাক্কালে এবারের জাতীয় শোক দিবসের এ অনুষ্ঠান বিশেষ তাংপর্য বহন করছে মর্মে স্বাগত ভাষণে উল্লেখ করেন রাষ্ট্রদ্বৃত রাবাব ফাতিমা। ১৯৭৪ সালে প্রথমবারের মতো জাতিসংঘে দেওয়া জাতির পিতার ভাষণের উদ্বৃতি -“মানব জাতির অস্তিত্ব রক্ষার জন্য শান্তি একান্ত দরকার। এই শান্তির মধ্যে সারা বিশ্বের সকল নর-নারীর গভীর আশা-আকাঙ্ক্ষা মূর্ত হয়ে রয়েছে। ন্যায় নীতির উপর প্রতিষ্ঠিত না হলে শান্তি কখনো স্থায়ী হতে পারে না” তুলে ধরেন রাষ্ট্রদ্বৃত ফাতিমা। তিনি বলেন, “জাতির পিতার কালজয়ী সেই ভাষণের মর্মবাণী এবং তাঁর নীতি-আদর্শ অনুসরণ করে বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় নেতৃত্বশীল ভূমিকা রেখে চলেছে বাংলাদেশ”।

বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ঝুপকল্প ২০২১, ঝুপকল্প ২০৪১ এবং ডেল্টা পরিকল্পনা ২১০০ বাস্তবায়নে সকলকে আরও নিবেদিত হওয়ার আহ্বান জানান রাষ্ট্রদ্বৃত ফাতিমা। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিক-নির্দেশনা ও নেতৃত্বে আমরা জাতিসংঘে ফলপ্রসূ অংশগ্রহণ ও তাংপর্যপূর্ণ অবদান রেখে চলেছি। শান্তিরক্ষা, টেকসই উন্নয়ন, জলবায়ু পরিবর্তন, নারীর ক্ষমতায়নসহ অসংখ্য বহুক্ষিক বিষয়ে আমাদের নিবিড় ও নেতৃত্বশীল অংশগ্রহণ ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে। জাতিসংঘে বাংলাদেশ আজ একমর্যাদা পূর্ণ নাম”।

পঁচাত্তরের পনের আগস্টের প্রেক্ষাপটসহ জাতির পিতার জীবন ও কর্ম তুলে ধরেন রাষ্ট্রদ্বৃত ফাতিমা। ইতোমধ্যে জাতির পিতা হত্যার বিচারের রায় কার্যকর করেছে মর্মে উল্লেখ করে স্থায়ী প্রতিনিধি বলেন, “এখনও দন্তপ্রাণ খুনীদের কেউ কেউ বিদেশে অবস্থান করছেন। তাদের দেশে ফিরিয়ে এনে বিচারের মুখোমুখি করা আমাদের সকলের দায়িত্ব”। এক্ষেত্রে যুক্তরাষ্ট্র বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের স্ব স্ব ক্ষেত্রে আরও ভূমিকা রাখার আহ্বান জানান রাষ্ট্রদ্বৃত ফাতিমা। তিনি বলেন, “আমরা চাই জাতির পিতার কোনো খুনীই যেন বিচারের হাত থেকে পার না পায়”।

প্রবাসে বেড়ে ওঠা নতুন প্রজন্মকে জাতির পিতার জীবন ও কর্ম চর্চার আহ্বান জানান তিনি। রাষ্ট্রদ্বৃত ফাতিমা বলেন, “প্রতিনিয়ত জাতির পিতার জীবন ও আদর্শ চর্চার মাধ্যমেই গড়ে উঠে দেশপ্রেমিক, উন্নত চিন্তার নতুন প্রজন্ম যারা জাতির পিতার সোনার বাংলা বিনির্মাণে অবদান রাখবে। দেশকে ভালোবাসবে, দেশকে নিয়ে চিন্তা করবে, দেশের উন্নয়নে গর্ব বোধ করবে”।

উন্নত আলোচনা পর্বে বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের বিভিন্ন নেতৃত্বে, মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারের স্তরানগণ। বক্তব্য পনের আগস্টের এই শোককে শক্তিতে ঝুপকল্প করার মাধ্যমে জাতির পিতা যে স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণের স্বপ্ন দেখেছিলেন স্ব স্ব অবস্থান থেকে তা অর্জনের দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

\*\*\*

820 Diplomat Center, 4<sup>th</sup> Floor, 2<sup>nd</sup> Avenue, New York, NY 10017

Tel: +1 (212) 8673434 • Fax: +1 (212) 9724038 • Email: bdpmny@gmail.com • web site:<https://bdun.org>